দৈনিক বাংলা

015

তারিখ 21 MAR 1988
পৃষ্ঠা I কলাম I

নকলের দায়ে ১০ শিক্ষক সহ ৯১৫ জন বহিষ্কার

# এস এস সি ঃ সংঘর্ষ ঃ গুলিঃশতাধিক আহত


প্রেসিডেন্ট এরশাদ রোববার পিলখানায় বিডিআর সপ্তাহ উপলক্ষে আয়োজিত এক নৈশভোজে যোগ দেন

(স্টাফ রিপোর্টার)

গতকাল এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে ইংরেজী পরীক্ষা চলাকালে বিভিন্ন স্থানে নকল সরবরাহকারীদের সঙ্গে পুলিশের সংঘর্ষে ২০ জন পুলিশসহ শতাধিক ব্যক্তি আহত হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্যে পুলিশ কয়েকটি জায়গায় গুলি বর্ষণ, টিয়ার গ্যাস নিক্ষেপ ও লাঠিচার্জ করেছে।

ব্যাপক গণটোকাটুকির দায়ে দেশের বিভিন্ন কেন্দ্র থেকে ৯০৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। পুলিশ নকল সরবরাহের দায়ে ৬০ জনকে গ্রেফতার করেছে। এছাড়া অসদুপায় অবলম্বনের সঙ্গে জড়িত থাকার অভিযোগে ১০ জন শিক্ষককেও বহিষ্কার করা হয়।

ঢাকা বোর্ড কন্ট্রোল রুম জানিয়েছে অসদুপায় অবলম্বনের জন্যে শরিয়তপুরে ৪, ফরিদপুরে ৮, রাজবাড়িতে ৭, ধামরাইতে ৪, ভালুম উপকেন্দ্রে ৬, মুন্সিগঞ্জে ৫১ জনসহ ৮০ জনকে বহিষ্কার

(শেষ পৃঃ ৩ এর কঃ দ্রঃ)

## আহত ২৫

(১ম-পৃঃ পর)

প্রায় ২৫ জন বাসযাত্রী আহত হয়। এদের মধ্যে গুরুতর আহত জরিনা (২৬), আমজাদ (৫৪), মোকাদ্দেশ (২২), শফি (৩৭) ও ফখরুদ্দীন (৬০)কে যশোর সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাকিরা বারীনগর বাজার থেকে প্রাথমিক চিকিৎসা নিয়েছে।

এ ব্যাপারে কোতোয়ালী থানায় মামলা দায়ের করা হয়েছে। খবর পুলিশ সূত্রের।